



জাতিকে সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন দেওয়ার প্রতিশ্রুতি পূরণ হবে: সিইসি



সিইসি নাসির উদ্দীন। ছবি: সংগৃহীত

প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন বলেছেন, তিনি জাতিকে সুষ্ঠু, সুন্দর ও বিশ্বাসযোগ্য নির্বাচন উপহার দেওয়ার প্রতিশ্রুতি পূরণে আত্মবিশ্বাসী। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) রাজধানীর ইসকাটন গার্ডেন উচ্চ বিদ্যালয়ে ভোটদানের পর তিনি এই মন্তব্য করেন। ভোটের পর সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় তিনি বলেন, ভোটগ্রহণের পরিবেশ উৎসবমুখর এবং এটি তার প্রতিশ্রুতির বাস্তবায়ন হচ্ছে। তিনি উল্লেখ করেন, আগের নির্বাচনে ভোট কেন্দ্রে খালি মাঠ আর কুকুর দেখার মতো দৃশ্যের মুখোমুখি হয়েছিলেন, কিন্তু এবার এমন কোনো অভিজ্ঞতা নেই। সিইসি আরও বলেন, ভোটের দিনে কিছু সামান্য ভুলত্রুটি হলেও তা দ্রুত সমাধান করা হয়েছে। তিনি টিভিতে দেখেছেন, কেন্দ্রের বাইরে জামায়াত ও বিএনপির নেতারা পাশে দাঁড়িয়ে সৌহার্দ্যপূর্ণভাবে কথা বলছেন, যা তাকে সন্তুষ্ট করেছে। দেশের নির্বাচনী ব্যবস্থাপনায় আন্তর্জাতিক মহলও সন্তুষ্ট, এবং ১৭ লাখ কর্মকর্তা নিরলসভাবে কাজ করছে। এএমএম নাসির উদ্দিন বলেন, “পাতানো নির্বাচন হচ্ছে কি না তা জনগণই নির্ধারণ করবে। আমরা কারো পক্ষ বা বিপক্ষে নেই। দেশের ইতিহাসে যেসব ভোটরহণ এবং ভোটের বাস্তব দখলের ঘটনা ঘটেছে, সেগুলো ভুলে যেতে হবে।”